



কৃষিই সমৃদ্ধি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং ১২.২০.০০০০.০১৩.৪১.০০১.১৭

তারিখ: ১২/০১/২০১৭খ্রি:

প্রেস বিজ্ঞপ্তি

কৃষিবিদ ড. মোহাম্মদ জালাল উদ্দীন বিএআরসি'র নতুন নির্বাহী চেয়ারম্যান



দেশের বিশিষ্ট কৃষি বিজ্ঞানী কৃষিবিদ ড. মোহাম্মদ জালাল উদ্দীন ১০/০১/২০১৭ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান পদে যোগদান করেছেন। তিনি তাঁর পূর্বসূরি ড. আবুল কালাম আযাদ এর স্থলাভিষিক্ত হন।

কৃষিবিদ ড. মোহাম্মদ জালাল উদ্দীন ১৯৮৩ সালে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই), গাজীপুর এ বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে চাকুরী জীবন শুরু করেন। উক্ত প্রতিষ্ঠানে তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। পরিচালক হিসেবে ২০১২ সালে পদোন্নতি প্রাপ্তির পর তিনি বিভিন্ন মেয়াদে পরিচালক (গম গবেষণা কেন্দ্র), পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) এবং পরিচালক (গবেষণা) পদে দায়িত্বরত ছিলেন। তিনি বিএআরআই এর জামালপুর, যশোর, চট্টগ্রাম, গাজীপুর, পাবনা, দিনাজপুরে আঞ্চলিক/উপ-আঞ্চলিক গবেষণা কেন্দ্রসমূহে চাকুরীকালীন ভূট্টা, বার্লি, চীনা, কাউন, বিভিন্ন তেলবীজ ফসল, ডাল ফসল, গম এবং বিভিন্ন কন্দাল ফসলের উপর গবেষণা কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন করে এ সকল ফসলের ৪০ টিরও বেশী উন্নত জাত ও অন্যান্য আনুষঙ্গিক প্রযুক্তি উদ্ভাবনে সক্রিয় ভূমিকা পালন করেন। গবেষণা সংশ্লিষ্ট বিভিন্ন কাজে তিনি যুক্তরাজ্য, দক্ষিণ কোরিয়া এবং থাইল্যান্ডসহ বিশ্বের বিভিন্ন দেশ সফর করেছেন।

কৃষিবিদ ড. মোহাম্মদ জালাল উদ্দীন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে ১৯৮১ সনে বিএসসি, এজি (সম্মান) এবং একই বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৪ সনে কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিষয়ে এমএসসি (এজি) ডিগ্রি অর্জন করেন। তিনি ২০০২ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর থেকে কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিষয়ে পিএইচডি ডিগ্রি লাভ করেন। দেশী বিদেশী জার্নালে, পত্রিকায় তাঁর প্রকাশনা রয়েছে।

কৃষিবিদ ড. মোহাম্মদ জালাল উদ্দীন, চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলায় ১৯৫৮ সালে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। ব্যক্তিগত জীবনে তিনি নশ্র, ভদ্র, সদালাপী এবং সাধারণ জীবন যাপনকারী একজন মানুষ হিসেবে পরিচিত।

স্বাক্ষরিত/

(মোঃ মুস্তাফিজুর রহমান)

প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (অ.দা)

মোবাইল: ০১৭১৭-১৭১৯৮৬ ফোন: ৯১৩২৪১২

প্রতি:

বার্তা সম্পাদক/পরিচালক (বার্তা)

দৈনিক.....

ফোন: +৮৮০-২-৯১৩৫৫৮৭, +৮৮০-২-৯১১০৮৪২; ফ্যাক্স: +৮৮০-২-৯১২৮০৬১, +৮৮০-২-৮১১০৯২৪

ই-মেইল: ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd